# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ৩. ২. বাছুর নির্মাণকারী হারোণকে বাদ দিয়ে অন্যদের শাস্তি

মোশির ভাই হারোণ বনি-ইসরাইলের জন্য সোনা দিয়ে একটা বাছুর বানিয়ে পূজার ব্যবস্থা করেন। আর এ অপরাধে ঈশ্বর তাঁর নিজের নির্বাচিত প্রজা বনি-ইসরাইলের ৩,০০০ মানুষকে হত্যার ব্যবস্থা করেন (যাত্রাপুস্তক ৩২/২৭-২৮)। এরপর ঈশ্বর বাছুর নির্মাণকারী হারোণকে শাস্তি দেওয়ার পরিবর্তে হারোণ ও তাঁর বংশধরকে ঈশ্বরের মহাযাজক বা মহা ইমাম বানান (যাত্রাপুস্তক ৪০/১৩-১৫)। হারোণ মূর্তিটা না বানালে অসহায় নিহত মানুষগুলো মূর্তিটির পূজা করার সুযোগই পেত না। অথচ অসহায় মানুষগুলোকে হত্যা করা হল এবং মূল অপরাধীকে পদোন্নতি দেওয়া হল! আপনি কিভাবে বাইবেলীয় ঈশ্বরের এ কর্মটাকে ন্যায়নিষ্ঠ ও সুন্দর বলে গণ্য করবেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14254

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন